চীনের রাষ্ট্রদূত আগ বাড়িয়ে কথা বলেছেন : পররাষ্ট্রমন্ত্রী

চেম্বার ডেস্ক:: পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আবদুল মোমেন বলেছেন, কোয়াডে যোগ দেওয়ার বিষয়ে এখনো কোনো সিদ্ধান্ত নেওয়া হয়নি। বাংলাদেশ একটি স্বাধীন ও সার্বভৌম দেশ হিসেবেই এ বিষয়ে সিদ্ধান্ত নেবে। চীন কোয়াড নিয়ে আগ বাড়িয়ে কথা বলেছে।

আজ মঙ্গলবার ঢাকায় রাষ্ট্রীয় অতিথি ভবন পদ্মায় এক সংবাদ সম্মেলনে এ কথা বলেন পররাষ্ট্রমন্ত্রী।

তিনি বলেন, চীনারা কখনও কারও অভ্যন্তরীণ বিষয়ে নাক গলায় না। এটি খুব দুঃখজনক, এটি খুব দুঃখজনক। আমরা কি করবো না করব এটি অন্যরা বড় করে বলতে পারে না। যে কোনো দেশ তাদের মতামত দিতে পারে, আমরা তা শ্রদ্ধার সঙ্গে শুনবো। তবে আমরা কি করবো না করব, জনগণের কথা বিবেচনা করে সে বিষয়টি আমরা নির্ধারণ করব এবং সিদ্ধান্ত নেব।

মন্ত্রী বলেন, যে প্রতিষ্ঠানের কথা রাষ্ট্রদূত বলেছেন, সে প্রতিষ্ঠানের লোকজন আমাদেরকে এখনো কিছুই বলেনি। সে জন্য আমার মনে হয়, যে তিনি (রাষ্ট্রদূত) একটু আগ বাড়িয়ে কথাটা বলে ফেলেছেন। এ নিয়ে আমাদের বিশেষ কোনো বক্তব্য নেই।

গতকাল সোমবার ডিপ্লোম্যাটিক করেসপন্ডেন্টস অ্যাসোসিয়েশন, বাংলাদেশের (ডিক্যাব) ভার্চুয়াল মতবিনিময় সভায় চীনা রাষ্ট্রদূত লি জিমিং বলেন, যুক্তরাষ্ট্রের নেতৃত্বাধীন জাপান, ভারত ও অস্ট্রেলিয়ার কৌশলগত জোট কোয়াড চীনবিরোধী একটি ছোট গোষ্ঠী। তাই চীন মনে করে, এতে যেকোনোভাবে বাংলাদেশের অংশগ্রহণ ঢাকা- বেইজিং সম্পর্ককে ‘যথেষ্ট খারাপ’ করবে।